

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

নথি নং-১(২৬)শুল্ক মূল্যঃ(পিএসআই-সং)/২০০০/২৫৫(১৯)

তারিখ ০৮/০৫/২০০১ ইং।

**বিষয়ঃ প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ এর অধিকতর সংশোধন সংক্রান্ত প্রজ্ঞাপন প্রেরণ প্রসঙ্গে।**

নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, বিদ্যমান প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ এর অধিকতর সংশোধন পূর্বক প্রজ্ঞাপন এস, আর, ও নং-১১১-আইন/২০০১/১৮৯৪/শুল্ক, তারিখ ০৩/০৫/২০০১ ইং জারী করা হয়েছে উক্ত প্রজ্ঞাপনের মাধ্যমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশের অনূচ্ছেদ ২, ৫, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১৪ক সংশোধন করা হয়েছে। প্রধান প্রধান সংশোধনী নিম্নবর্ণিত হল এবং প্রজ্ঞাপনটির কপি তাঁর দপ্তরে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হল।

#### অন্যত সংশোধনী

- (ক) পণ্য পরিদর্শনের অনুরোধ পত্র প্রেরণের পূর্বে L/C, TIN ও VAT নম্বর যাচাই এর বাধ্যবাধকতা সংক্রান্ত বিধান সংশোধন করে প্রত্যয়ন পত্র ইস্যুর পূর্বে যাচাইয়ের বিধান করণ; এতে পণ্য পরিদর্শনের কাজ ত্বরান্বিত হবে।
- (খ) ৩ কার্যদিবসের পরিবর্তে ১ কার্যদিবসের মধ্যে পণ্য পরিদর্শনের অনুরোধ পত্র প্রেরণের বিধান করা; এতে পণ্য পরিদর্শনের কাজ দ্রুততর হবে।
- (গ) প্রত্যয়নপত্র ১০ কার্যদিবসের পরিবর্তে ৭ কার্যদিবসের মধ্যে শুল্ক দপ্তরে পৌঁছানোর বিধান করা; এতে প্রত্যয়নপত্র ইস্যুর ক্ষেত্রে উত্থাপিত বিনম্বের অভিযোগ দূরীভূত হবে।
- (ঘ) ডুপ্লিকেট প্রত্যয়ন পত্র ইস্যুর পরিবর্তে PSI সংস্থা কর্তৃক পৃষ্ঠাংকনকৃত (endorsed), ইনভয়েস ও প্যাকিং লিষ্ট রপ্তানীকারককে প্রদানের বিধান করা;
- (ঙ) ফ্যাক্স ও ই-মেইলযোগে প্রত্যয়ন পত্র প্রেরণ এবং সাময়িক (provisional) প্রত্যয়নপত্র ইস্যুকে আইন সম্মত করণ;
- (চ) প্রত্যয়ন পত্রের "করণিক ক্রটি" সংশোধনের পরিবর্তে প্রত্যয়নপত্রের যে কোন ক্রটি সংশোধনের বিধান প্রতিস্থাপন করা অর্থাৎ প্রত্যয়নপত্র ইস্যুর পর তাতে কোন ক্রটি পরিলক্ষিত হলে তা ইস্যুর ১০ কার্যদিবসের মধ্যে, বিল অব এন্ট্রি শুল্ক ভবন/শুল্ক স্টেশনে দাখিলের পূর্বে, উক্ত ক্রটি সংশোধন করতঃ সংশোধনের বিস্তারিত কারণ উল্লেখপূর্বক সংশোধিত প্রত্যয়নপত্র ইস্যু করা যাবে;
- (ছ) কম্পিউটারে risk management ভিত্তিক দ্বৈব চয়নের মাধ্যমে প্রত্যয়নপত্রের ৬% ভাগ এবং কমিশনার কর্তৃক দ্বৈবচয়ন ছাড়া ৪% ভাগ কিংবা অন্যান্য ১টি প্রত্যয়নপত্র কাঙ্ক্ষিত পরীক্ষার জন্য বাছাই করার বিধান করা; পূর্বে এই হার যথাক্রমে ৫% ও ১% ছিল। এতে রাজস্ব ঝুঁকিপূর্ণ পণ্যচালান সমূহ শুল্ক কর্তৃপক্ষের কাঙ্ক্ষিত পরীক্ষার আওতায় আসবে।
- (জ) PSI প্রযোজ্য পণ্য চালান PSI ব্যতিরেকে আমদানী হলে কমিশনার কর্তৃক উক্ত পণ্য চালান ১০০% কাঙ্ক্ষিত পরীক্ষা করার বিধান সংযোজন;
- (ঝ) বোর্ড কর্তৃক যে কোন পণ্যচালান কাঙ্ক্ষিত পরীক্ষার আদেশ প্রদানের বিধান সংযোজন;
- (ঞ) শুল্ক কর্তৃপক্ষ, আমদানীকারক ও PSI সংস্থার মধ্যে ৩ স্তর বিশিষ্ট বিরোধ-নিষ্পত্তি সংক্রান্ত বিধানের পরিবর্তে PSI সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের কারণে কিংবা PSI সংস্থার অন্য কোন গাফিলতির কারণে কিংবা ব্যাংক গ্যারান্টির মাধ্যমে পণ্য খালাসের কারণে আর্থিক ক্ষতি হলে আমদানীকারক কর্তৃক রিভিউ কমিটিতে অভিযোগ দায়েরের বিধান প্রতিস্থাপন; যা আমদানীকারকের স্বার্থ সংরক্ষণ করবে।

- (ট) PSI সংস্থার ভুল ভ্রান্তির জন্য পণ্য চালানোর CIF মূল্য সীমা অনুযায়ী শুল্ক কর্মকর্তাগণ (কমিশনার থেকে সহকারী কমিশনার পদমর্যাদা সম্পন্ন) কর্তৃক কারণ দর্শানো ও শুনানীর সুযোগ প্রদানপূর্বক দন্ড আরোপের বিধান সংযোজন।
- (ঠ) PSI সংস্থা কর্তৃক কৃত অপরাধের জন্য কঠোরতর দন্ড আরোপের বিধানসহ দন্ড আরোপের প্রক্রিয়ার সহজীকরণ। এতে PSI সংস্থা প্রত্যয়নপত্র প্রদানের ক্ষেত্রে অধিকতর যত্নবান হবে;
- (ড) PSI সংস্থাকে বিল পরিশোধের সময়সীমা ১৫(পনের) দিন থেকে ২১ (একুশ) দিনে উন্নীত করে বিধান সংশোধন:

( মোঃ জামাল হোসেন)  
দ্বিতীয় সচিব(শুল্ক মূল্যায়ন)।